

স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

বাংলা (প্রথম পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৮০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (উত্তর দিতে হবে ২৫০ থেকে ৩০০ শব্দের মধ্যে) :  $১৮ \times ২ = ৩৬$

ক) জয়দেবকে বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত করার কারণ ব্যাখ্যা করুন। এই প্রসঙ্গে বাংলা সাহিত্যে তার প্রভাব নির্ণয় করুন।

খ) যে আর্থসামাজিক প্রেক্ষাপটে অনুবাদকাব্যগুলি রচিত হয়েছে সেই প্রেক্ষিতটি বিচার করুন।

গ) চৈতন্য-পূর্ববর্তী ও চৈতন্য-পরবর্তী কৃষ্ণকথার মধ্যে পার্থক্যের সূত্রগুলি নির্ণয় করুন।

ঘ) চণ্ডীমঙ্গল (মুকুন্দ চন্দ্রবর্তীর) ও অন্নদামঙ্গল (ভারতচন্দ্রের) কাব্যদ্বয়ের মধ্যে পার্থক্য কোন্ কোন্ সূত্রে তা আলোচনা করুন।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (উত্তর দিতে হবে ২০০ থেকে ২৫০ শব্দের মধ্যে) :  $১৮ \times ২ = ৩৬$

ক) চৈতন্যপ্রভাব পদাবলী সাহিত্যে ও মঙ্গলকাব্যে কোন্ কোন্ ক্ষেত্রে ধরা পড়েছে সে বিষয়ে আলোচনা করুন।

খ) চৈতন্যজীবনী কাব্যগুলিতে যে আধুনিকতার লক্ষণ ধরা পড়েছে তার স্বরূপ আলোচনা করুন।

গ) চৈতন্যপ্রেমধর্মের সঙ্গে রোসাও রাজদরবারের কবিদের কাব্যে বর্ণিত প্রেমের স্বরূপগত পার্থক্য আলোচনা করুন।

ঘ) মধ্যযুগে চৈতন্যদেবকে কেন্দ্র করে যে ভাবের জাগরণ এসেছিল তাকে রেনেসাঁস বলা যায় কী? বাংলার উনিশ শতকীয় রেনেসাঁসের সঙ্গে চৈতন্য-কেন্দ্রিক জাগরণের তুলনামূলক আলোচনা করুন।

৩। যে-কোনো চারটি প্রশ্নের বিষয়ে আলোচনা করুন (উত্তর দিতে হবে ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে) :  $৭ \times ৪ = ২৮$

ক) বঙ্গদর্শন (বঙ্কিম-সম্পাদিত)।

খ) রবীন্দ্রনাথের 'সোনারতরী'।

গ) গল্পকার মানিক বন্দ্যোপাধ্যায়।

ঘ) 'রক্তকরবী' নাটকের চিরন্তন গুরুত্ব।

ঙ) রবীন্দ্রনাথের গদ্যে 'সবুজপত্র' পর্যায়ের অভিনবত্ব।

চ) রবীন্দ্র-বিশেষজ্ঞ আইয়ুব।

ছ) হিন্দু-মুসলমান সম্পর্ক বিষয়ে রবীন্দ্রনাথের বক্তব্যের একালীনতা।